
# আজ বঙ্গভবন ছাড়তে পারেন সদ্য বিদায়ী রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন



রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ছবি: সংগৃহীত

পদত্যাগের পরও বঙ্গভবনে অবস্থান করছেন সদ্য বিদায়ী রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। এরই মধ্যে বঙ্গভবনের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে বিদায়ী সাক্ষাৎও করেছেন তিনি। সবকিছু ঠিক থাকলে আজ রোববার (২৬ জুলাই) বঙ্গভবন ছেড়ে রাজধানীর গুলশানে নিজের বাসায় চলে যাওয়ার কথা রয়েছে তার।

রাষ্ট্রপতির মেয়াদ শেষ হওয়ার প্রায় পৌনে দুই বছর আগেই স্বাস্থ্যগত কারণ দেখিয়ে দায়িত্ব থেকে সরে দাঁড়ান মো. সাহাবুদ্দিন। তার পদত্যাগের পর রাষ্ট্রপতির পদ শূন্য হলে সাংবিধানিক বিধান অনুযায়ী ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

সাহাবুদ্দিনের পদত্যাগের পর থেকেই তার পরবর্তী অবস্থান নিয়ে নানা আলোচনা শুরু হয়। জানা গেছে, বঙ্গভবন ছাড়ার পর তিনি গুলশানে অবস্থিত নিজের ফ্ল্যাটে থাকবেন। ইতোমধ্যে সেখানে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে এবং তার নিরাপত্তাও বাড়ানো হয়েছে।

LENS ASIA

অন্যদিকে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব নেওয়ার পরও স্পিকার হাফিজ উদ্দিন আহমদ তার জন্য নির্ধারিত সরকারি বাসভবনেই অবস্থান করছেন। ওই বাসভবনেও নিরাপত্তা জোরদার করা হয়েছে। বর্তমানে নিরাপত্তার দায়িত্বে রয়েছে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (পিজিআর) ও স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ)।

নিজ সরকারি বাসভবনে থেকেই ভারপ্রাপ্ত রাষ্ট্রপতির দায়িত্ব পালন করবেন হাফিজ উদ্দিন আহমদ। তবে রাষ্ট্রপতির দাফতরিক কার্যক্রম তিনি বঙ্গভবন থেকেই পরিচালনা করবেন।